

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান অফিস
আগ্রাবাদ, চট্টগ্রাম।
www.bbs.chittagong.gov.bd

নং- ৫২.০১.১৫০০.০০০.০৬.০২০(অংশ-১).২৪-২৬৫

তারিখ: ১৭ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ
০২ অক্টোবর, ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়িত “SVRS In Digital Platform” শীর্ষক প্রকল্পে মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO) হিসেবে শুমারি ও জরিপ কার্যক্রম পরিচালনার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক ও জনতাত্ত্বিকসহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিসংখ্যান প্রণয়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় এসভিআরএস ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্পের আওতায় প্রত্যাশিত গড় আয়ু, বার্ষিক জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার, স্কুল জন্মের হার, স্কুল মৃত্যু হার, মোট জন্মশীলতার হার, শিশু মৃত্যুর হার, মাতৃমৃত্যুর অনুপাত, প্রতিবন্ধীর হার ইত্যাদি প্রস্তুত করা হয়ে থাকে। বাংলাদেশ ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) অর্জনে প্রতিশ্রুতিবদ্ধ। এই জরিপের ফলাফল আমাদের অভীষ্ট ১, ৩, ৪, ৫, ৬, ৭, ১১, ১৬ ও ১৭-এর আওতায় টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs)’র নির্বাচিত বিভিন্ন সূচক পরিবীক্ষণসহ পরবর্তী নবম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সামাজিক-জনমিতিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে নীতিনির্ধারক ও পরিকল্পনাবিদদের প্রমাণভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করবে।

০২। চট্টগ্রাম জেলায় ১০৪ টি পিএসইউ হতে Sample Vital Registration System (SVRS) এর মাঠ পর্যায়ের কাজ আগামী ০২রা অক্টোবর ২০২৪ খ্রি. হতে ২৭শে অক্টোবর ২০২৪ খ্রি. পর্যন্ত চলমান থাকবে। চট্টগ্রাম জেলায় ২১ জন সুপারভাইজারের তত্ত্বাবধানে ১০৪ জন স্থানীয় নারী রেজিস্টার তথ্য সংগ্রহ কাজে নিয়োজিত থাকবে। CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে নির্ধারিত পিএসইউ হতে প্রতিটি খানার সদস্য, খানার ধরণ, জন্ম, মৃত্যু, আগমন, বহির্গমন, বিবাহ, তালাকসহ গুরুত্বপূর্ণ বেশ কিছু তথ্য সংগ্রহ করা হবে।

০৩। বর্ণিতাবস্থায়, জাতীয় এ গুরুত্বপূর্ণ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে স্থানীয় নারী রেজিস্টারগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো।

প্রাপক

.....
.....
.....


(মোহাম্মদ ওয়াহিদুর রহমান)

উপপরিচালক

বিসিএস (পরিসংখ্যান)

ফোনঃ ০২-৪১৩-৭০১০৩

মোবাইল: ০১৯১১-৫৮৩৪৭৫

ইমেইল: wahidbbs.bd@gmail.com